

উন্নত বেগুন চাষ

বেগুন কোচবিহারের অন্যতম মুখ্য সব্জি ও লাভজনক ফসল।

জাত নির্বাচন : বিভিন্ন আকৃতির বেগুন পাওয়া যায়। আকৃতি অনুযায়ী বেগুনের বিভিন্ন জাত নিম্নরূপ :

লম্বা : পাঞ্জাব বর্ষাতি, পুসা পারপল, লং, পনু, সম্রাট, পাঞ্জাব সদাবাহার, আর্কাশালি, আর্কাশিরিষ।

গোল : ডি.বি, আর-৮, পন্থ খাতুরাজ, পুসা পারপল রাউন্ড, পুসা উপকার, হিসার শ্যামল, মাকরা, ক্যাট মাকরা।

লম্বাটে গোল : **CO-1**, ভাগ্যমতি, উৎকল, তারিশী, হিসার জামিনী

খর্বাঁকৃতি : **PKM-1**, শ্যামলা, পুসা অঙ্কুর, আর্কা নিধি, উৎকল, জ্যোতি, পুসা বিন্দু

গু চ্ছফল : পুসা পারপল ক্লাস্টার, পাঞ্জাব বর্ষাতি, আর্কা কুসুমাকার, উৎকল জ্যোতি

হাইব্রিড : আর্কা নবনীত, পুসা হাইব্রিড-৫/৬/৯, সান-১২৩/১৩২, নীলকান্ত

বীজের হার ও বীজতলা তৈরী :

উন্নত ও দেশী জাত : ২৫ গ্রা / বিঘা

হাইব্রিড : ১৫-২০ গ্রা/বিঘা

বীজ শোধন করে (কার্বোন্ডাজিম + ম্যানকোজেব @ ২গ্রা/লি. বা ট্রাইকোডারমা ৪ গ্রাঃ / লি. জলে) উঁচু বীজতলায় ফেলতে হবে। দুটি লাইনের মধ্যে দূরত্ব ২" রাখতে হবে, শোধন করা বীজ তে ফেলে চারা তৈরী করলে বেগুনের তলেপড়া রোগের প্রকোপ অনেক কমে।

বীজ বোনার সময় :

বৈশাখ-জ্যৈষ্ঠ্য

আশ্বিন-কার্তিক

ফাল্গুন-চৈত্র